কানাইঘাটের দুঃখ বুরহান উদ্দিন

সড়ক

বদরুল আলম, কানাইঘাট থেকে: কানাইঘাট উপজেলায় ২৬ কিলোমিটার বোরহানউদ্দিন সড়কের জন্য দুর্ভোগে রয়েছেন রাজাগঞ্জ, ঝিংগাবাড়ী ও বানীগ্রাম ইউনিয়নের প্রায় কয়েক হাজার মানুষ। দীর্ঘদিন থেকে এ সড়কটি মেরামত না করায় সমস্যায় পড়েছেন এ ৩টি ইউপি’র বিশেষ করে স্কুলপড়ুয়া ছাত্রছাত্রী, রোগী ও বয়স্ক ব্যক্তিরা বিপাকে পড়েছেন বেশি। মুমূর্ষু রোগী ও গর্ভবতী নারীদের হাসপাতালে নিয়ে আসা ঝুকিপূর্ণ হয়ে দাঁড়ায়। গাছবাড়ী বাজারের মহিষ বহন বালু, পাথর, ইট, ভারী যানবাহন চলার কারণেই সড়কটি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে বলে জানিয়েছেন স্থানীয়রা। ফলে দুর্ভোগের অন্ত নেই এ সড়কে চলাচলকারীদের। এ সড়ক দিয়েই ৩ ইউনিয়নের মানুষের কানাইঘাট পৌর শহরের সঙ্গে যোগাযোগ ও লোভাছড়া পর্যটন এলাকায় যাওয়ার জন্য এই একটি মাত্র রাস্তায় মানুষ যাতায়াত করে থাকেন। মানুষের যোগাযোগের একটি মাত্র সড়ক বর্তমানে ভেঙেচুড়ে একাকার হয়ে গেছে। একেবারেই চলাচলের অনুপযোগী। পুরো সড়কেই খানাখন্দ।

পিচ উঠে এবড়ো-থেবড়ো হয়ে পড়েছে। গর্ভবতী নারী ও রোগীদের নিয়ে চলাচল খুবই দূরূহ। এদিকে বালু পাথর ইট ও মহিষ পরিবহনে ভারি যানবাহনের কারণে সড়কটি দ্রুতই ভেঙে যাচ্ছে। নিয়ম না মেনে ভারী ট্রাক চলাচল করায় এ সড়কটি চলাচলের অনুপযোগী হয়েছে। গাড়ি উল্টে যাওয়ার উপক্রম হয়। পুরো সড়কই গর্তে ভরা। প্রতিদিনই ছোটখাটো দুর্ঘটনা ঘটছেই। এ ছাড়াও সড়ক ভাঙাচুরা অজুহাতে চালকরা ভাড়া বৃদ্ধি করেছেন। এতে সাধারণ মানুষ চরম দুর্ভোগে রয়েছেন। সিএনজি অটোরিকশা চালকরা জানিয়েছেন, আমাদেরকে প্রতিদিন গাজী বোরহান উদ্দিন সড়ক দিয়ে কানাইঘাট পৌর শহরের সঙ্গে লোভাছড়া পর্যটন কেন্দ্রে যাত্রী নিয়ে দিনে কয়েকবার যেতে হয়। কিন্তু সড়ক এতই ভাঙা যে এতে প্রতিনিদিনই গাড়ির কিছু না কিছু ক্ষতি হচ্ছে। কিন্তু দেখার কেউ নেই। ২৬ কিলোটিমার সড়কের কারণে লোকজনের খুবই সমস্যা হচ্ছে। বিশেষ করে স্কুলপড়ুয়া ছাত্রছাত্রী রোগী ও গর্ভবর্তী নারীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে।